


বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩।
www.bpatc.org.bd

নং-০৫.০১.২৬৭২.১২৫.১৮.৬৫১.১৬-১৬৪

তারিখ: ২৭.০৫.১৪২৪ বঙ্গাব্দ
১১.০৭.২০১৭ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত সকল কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, বিধি মোতাবেক প্রতি ৩ বছর পর একজন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ১ মাসের সমপরিমাণ অর্থ শ্রান্তি বিনোদন ভাতা হিসাবে মঞ্জুর করা হয়। সংশ্লিষ্ট কর্মচারী নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের এবং কোন কোর্সে সম্পৃক্ত থাকলে কোর্স কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে উক্ত ছুটি ভোগ করবেন মর্মে আদেশ দেয়া হয়। কিন্তু কেন্দ্রে বিভিন্ন পর্যায়ে একাধিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ থাকায় এক সংগে একাধিক অনুষদ সদস্য/কর্মচারী শ্রান্তি বিনোদন ছুটি ভোগের অনুমতি পাচ্ছেন। এতে করে কেন্দ্রের প্রশিক্ষণসহ স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রমে বিঘ্ন ঘটছে। এ কারণে প্রশাসন অনুবিভাগে একটি রেজিষ্টার সংরক্ষণ করে সকল কর্মচারীর শ্রান্তি বিনোদন ছুটি/অর্জিত ছুটি ভোগের বিষয়টি সমন্বয় করা হবে। বর্ণিত অবস্থায়, দাপ্তরিক কাজের সুবিধার্থে প্রশাসন অনুবিভাগের সাথে সমন্বয় করে সকল নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মচারীকে শ্রান্তি বিনোদন ছুটি/অর্জিত ছুটি ভোগের অনুমতি প্রদান করবেন।


(মোঃ আঃ রাজ্জাক সরকার)
পরিচালক (প্রশাসন)

বিতরণ:

- ১। সকল অনুষদ সদস্য, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২। অফিস কপি।